



শাবিতে 'ন্যাশনাল ক্যাম্পাস জার্নালিজম ফেস্ট' শুরু

প্রকাশিত: ২৮ - জুলাই, ২০১৮ ১২:০০ এ. এম.

শাবি সংবাদদাতা || দেশের ক্যাম্পাস সাংবাদিকদের অংশগ্রহণে উৎসবমুখর পরিবেশে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুদিনব্যাপী 'ন্যাশনাল ক্যাম্পাস জার্নালিজম ফেস্ট-২০১৮' শুরু হয়েছে। শুরুবার সকাল দশটায় কবুতর উড়য়ন ও আনন্দ শোভাযাত্রার মাধ্যমে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন জনপ্রিয় লেখক ও অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল।

এ উৎসব চলবে আজ শনিবার পর্যন্ত। বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবের উদ্যোগে আয়োজিত এই উৎসবে ঢাবি, জাবি, চবি, রাবি, বাকুবিসহ সারাদেশের ২৬ বিশ্ববিদ্যালয়ের প্রায় ২৫০ ক্যাম্পাস প্রতিবেদক অংশগ্রহণ করেছেন।

ক্যাম্পাস সাংবাদিকদের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনার পাশাপাশি বস্তুনিষ্ঠ ও অনুসন্ধানী সাংবাদিকদের নানাদিক উৎসবের বিভিন্ন 'লার্নিং সেশনে'র আলোচনার বিষয় বলে জানান উৎসবের আহ্বায়ক ফয়জুল্লাহ ওয়াসিফ। শুরুবার সকাল থেকেই বৃষ্টি উপেক্ষা করে শাবি ক্যাম্পাসে উপস্থিত হন বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত অতিথিরা। পরিবার-পরিজন নিয়ে উৎসবে অংশ নিয়েছেন শাবি ক্যাম্পাসে কর্মরত সাবেক সাংবাদিকরা; যারা বর্তমানে দেশ, বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত।

নীল রঙের টি-শার্ট গায়ে জড়িয়ে তারা অংশ নেন আনন্দ শোভাযাত্রায়। অনুষ্ঠানের উদ্বোধনের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে আলোচনা সভায় সভায় বক্তৃব্য রাখেন ড. মুহম্মদ জাফর ইকবাল। তিনি বলেন, ন্যায় ও অন্যায়ের মধ্যে নিরপেক্ষতা বলে কিছু নেই। একজন সাংবাদিককে সবসময় সত্যের পক্ষে অবস্থান নিতে হবে।

সোশাল নেটওয়ার্কের মধ্যে পাওয়া খবর সবসময় বস্তুনিষ্ঠ নয়। কোন্ গণমাধ্যম খবরটি প্রকাশ করল সেটি হলো বড় কথা। ফেসবুকসহ অন্যান্য সোশাল নেটওয়ার্কে ছড়ানো খবর অনেক সময় বিভ্রান্তি সৃষ্টি করে। সাংবাদিকদের সেদিকে সচেতন হতে হবে। আলোচনা সভার পর অনুষ্ঠিত লার্নিং সেশনে অনুসন্ধানী সাংবাদিকতা নিয়ে নিজের অভিজ্ঞতা বিনিময় করেন মাছরাঙা টেলিভিশনের স্পেশাল করেসপ্লেন্ট বদরুজ্জাম বাবু, যমুনা টেলিভিশনের স্পেশাল করেসপ্লেন্ট মুহসিনুল হাকিম, চ্যানেল টোয়েন্টিফোরের বিজনেস এডিটর ফারুক মেহেদী।

আয়োজনের দ্বিতীয় দিন শনিবারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য বিষয়ক উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী। বিশেষ অতিথি থাকবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com